

বৃহস্পতিবার সমকাল

১ আগস্ট ২০২৪ : ১৭ শ্রাবণ ১৪৩১

নিরপরাধ কাউকে হয়রানি না করার আহ্বান নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের

কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে আইনশৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত থাকার অভিযোগে সন্দেহভাজন বিভিন্ন ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া সংক্রান্ত নানা সংবাদ গণমাধ্যমে পরিলক্ষিত হচ্ছে। এ পরিস্থিতিতে নর্থ সাউথ ইউনিভার্সিটির কোনো নিরপরাধ শিক্ষার্থী যাতে হয়রানির শিকার না হন, তা নিশ্চিত করার জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ ছাড়া এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী হয়রানির শিকার হলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসকে জানানোর জন্য আহ্বান করা হয়েছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় থেকে সম্ভাব্য সব সহযোগিতা করা হবে। সংবাদ বিজ্ঞপ্তি।

